

কাঁটায়ুক্ত হাতঘড়ি ও ৮ মডেলের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এসএসসি পরীক্ষার্থীরা

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

এসএসসি পরীক্ষায় কাঁটায়ুক্ত হাতঘড়ি ও আট
মডেলের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে
পরীক্ষার্থীরা।

বুধবার (২২ এপ্রিল) ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা
নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন
হায়দার সই করা নির্দেশনায় এ তথ্য জানানো
হয়েছে।

নির্দেশনায় বলা হয়, ২০২৬ এসএসসি পরীক্ষায়
পরীক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্রে আট মডেলের
সায়েন্টিফিক নন-প্রোগ্রামেবল মডেলের
ক্যালকুলেটর, Fx-82MS, Fx-100MS, Fx-

570MS, Fx-991MS, Fx-991Ex, Fx-991ES, Fx-991ES Plus, Fx-991CW ব্যবহার করা যাবে।

উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ছাড়াও শিক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

এ ছাড়া পরীক্ষার্থীরা কাঁটায়ুক্ত (নন-প্রোগ্রামেবল) হাতঘড়ি ব্যবহার করতে পারবে।